| | | |
|---|---|---|
| | ৫। প্রধান শিক্ষক, শ্রেণি পাঠদান কার্যক্রম শুরুর পূর্বে শিক্ষকগণকে নিয়ে Staff Council এর সভা করবেন। তিনি সেখানে ঐদিনের বিষয়ভিত্তিক নির্ধারিত সিলেবাস অনুযায়ী পাঠের জন্য প্রস্তুত, পাঠের জন্য নির্ধারিত উপকরণ ইত্যাদি বিষয় আলোচনা করবেন এবং নিশ্চিত করবেন।<br>৬। সপ্তাহের শেষের দিন প্রধান শিক্ষক বিগত পাঁচ দিনের কার্যক্রমের শিক্ষার্থীদের অর্জিত দক্ষতা, ইত্যাদি নিয়ে পর্যালোচনা করবেন।<br>৭। প্রধান শিক্ষক নির্ধারিত ফরম ব্যবহার করে শিক্ষকগণের পাঠ পর্যবেক্ষণ করবেন সেই সঙ্গে শিখন অগ্রগতি যাচাই করবেন।<br>৮। প্রতিটি পিরিয়ডের সময়কে শিক্ষক তিন ভাগে ভাগ করবেন। দু'ইভাগ সময় তিনি নিজের উপস্থাপনাসহ অন্যান্য নির্ধারিত কাজে ব্যয় করবেন এবং বাকি একভাগ সময় শিক্ষার্থীদের নিরাময়মূলক ব্যবস্থা দিয়ে নির্ধারিত পাঠের দক্ষতা অর্জন নিশ্চিত করবেন।<br>৯। ক্লাশ রুটিনে বর্ণিত মোতাবেক দিনের শেষ ঘন্টায় একজন শিক্ষকের নেতৃত্বে দিনের পড্যগুলো প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>১০। প্রাক- প্রাথমিক শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল শ্রেণিতে বিষয় ভিত্তিক অগ্রাধিকার অনুযায়ী শিক্ষকগণ শ্রেণি কার্যক্রম পরিচালনা করবেন। প্রধান শিক্ষক তা নিশ্চিত করবেন। | |
| ৩। কন্টেন্ট তৈরিকরণ | ১। প্রাথমিক বিদ্যালয়গুলো সাপ্তাহিক ছুটির দিনগুলোতে বন্ধ থাকা ছাড়াও বিভিন্ন দিবস ও উৎসবে বছরে প্রায় ৭০-৭৫ দিন ছুটি থাকে। ছুটির দিন গুলোতে পড়াশোনা বিমুখ না হয়ে উৎসাহের সাথে শিশুরা যেনো পড়াশোনায় মনোযোগী হতে পারে সেজন্য প্রাথমিকের প্রতিটি শ্রেনিতে বিষয়ভিত্তিক কন্টেন্ট তৈরি করতে হবে।<br>২। তৈরিকৃত কন্টেন্টগুলো জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে আপলোড দিয়ে রাখতে হবে যেনো যে কোনো স্থান থেকে তা এক্সেস করা যায়।<br>৩। কন্টেন্ট তৈরিকরণের বিষয়টি উপজেলাভিত্তিক হতে পারে। এক্ষেত্রে বিষয়ভিত্তিক অভিজ্ঞ শিক্ষক/ উপজেলা রিসোর্স সেন্টার কর্তৃক কন্টেন্ট তৈরি করা যেতে পারে। তৈরিকরণের প্রক্রিয়া এবং তৈরিকৃত কন্টেন্ট নিম্নোক্ত ফ্লোচার্টের ব্যক্তি দ্বারা যথাযথভাবে মনিটরিং হবে।<br>• শিক্ষক/উপজেলা রিসোর্স সেন্টার কর্তৃক কন্টেন্ট তৈরিকরণ-> সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার-> উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার -> জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• পুরো প্রক্রিয়াটি উপজেলা হতে মনিটর করবেন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসন হতে তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক মনিটর করবেন সহকারি কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা) -> অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) -> জেলা প্রশাসক | |
| ৪। শিক্ষার্থীদের মধ্যে পড়াশোনায় মনোযোগ আনতে অধিকতর প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টি | প্রতি মাসের পঠিত বিষয়ের উপরে পরবর্তী মাসের ১ম সপ্তাহে পরীক্ষা গ্রহণ করতে হবে। পরীক্ষা সমূহের প্রাপ্ত নম্বরের গড় মান পরবর্তী সাময়িকীর সাথে যুক্ত হবে। বছর শেষে ফলাফল প্রদানের সময় সকল পরীক্ষার প্রাপ্ত নম্বরকে বিবেচনায় আনতে হবে। | |

CamScanner